গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রধান কার্যালয়
৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০
Website: www.dnc.gov.bd

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর ২.১ কার্যক্রমের আলোকে অধিদপ্তরের প্রধান কার্যালয় এবং আওতাধীন বিভাগীয় কার্যালয়সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে হালনাগাদকরণ **২য় সভার** কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মুহাম্মদ মনিরুল ইসলাম<br>পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর |
| তারিখ ও সময় | : | ২৬ নভেম্বর, ২০২৩ খ্রি:, বেলা ০৩.৩০ ঘটিকা |
| সভার স্থান | : | অধিদপ্তরের সম্মেলন কক্ষ (লেভেল-২) |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অত:পর সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর ২.১ কার্যক্রমের আলোকে অধিদপ্তরের প্রধান কার্যালয় এবং এর আওতাধীন বিভাগীয় কার্যালয়সমূহের সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের নিমিত্ত সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। সে লক্ষ্যে ২০২৩-২৪ এর ২য় ত্রৈমাসিকে অধিদপ্তরের প্রধান কার্যালয়ের এবং এর আওতাধীন বিভাগীয় কার্যালয়সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদকরণ এবং কার্যকরভাবে বাস্তবায়ন করার বিষয় সভায় বিস্তারিত আলোচনা হয়।

০২। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ২.১ | অধিদপ্তরের প্রধান কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতির নাগরিক সেবার ২.১ এর ক্রমিক ১৫-এ চিকিৎসা ও পুনর্বাসন অধিশাখা সংশ্লিষ্ট **'মিথানল আমদানি লাইসেন্স এবং ব্যবহারের পারমিট প্রদান (ঔষধ কোম্পানীর ক্ষেত্রে)'** সেবার বিষয়টি অন্তর্ভূক্ত করতে হবে। | পরিচালক(প্রশাসন/ নিরোধ শিক্ষা)/ প্রোগ্রামার |
| ২.২ | অধিদপ্তরের প্রধান কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতির নাগরিক সেবার ২.১ এর ক্রমিক ৩৭, ৩৯ ও ৪০ এর ৪নং কলামে প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান অংশে **'প্রতিষ্ঠানটির হালনাগাদ ট্রেড লাইসেন্স'** এর স্থলে **'প্রতিষ্ঠানটির হালনাগাদ ট্রেড লাইসেন্স (বানিজ্যিক লাইসেন্সের ক্ষেত্রে কেমিক্যালস আমদানীকারক ও সরবরাহকারী উল্লেখ থাকতে হবে)'** প্রতিস্থাপন করতে হবে। | |
| ২.৩ | অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতির নাগরিক সেবার সেবার ২.১ এর ক্রমিক ৩৮ ও ৪১ এর ৪নং কলামে প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান অংশে **'প্রিকারসর কেমিক্যালস ব্যবহারের রেসিপি'** এর স্থলে **'প্রিকারসর কেমিক্যালস ব্যবহারের রেসিপি (দেশের স্বীকৃতিপ্রাপ্ত এ সংক্রান্ত প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হতে হবে)'** প্রতিস্থাপন করতে হবে। | |
| ২.৪ | জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটের সেবা প্রদান প্রতিশ্রুতি সেবা বক্সে আপলোডকৃত সিটিজেন চার্টারের ফরমেট অনুসরণপূর্বক সকল বিভাগীয় কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করতে হবে। হালনাগাদকৃত স্বাক্ষরিত সিটিজেন চার্টার স্ব স্ব কার্যালয়ের ওয়েবসাইটে আপলোড করতে হবে। | অতিরিক্ত পরিচালক বিভাগীয় কার্যালয় (সকল) |
| ২.৫ | বিভাগীয় কার্যালয়ের অধীন জেলা/মেট্রো:/বিশেষ জোন কার্যালয়সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করতে হবে এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ফরমেট অনুসরণ করতে হবে। স্ব স্ব বিভাগীয় প্রধানগণ তার অধীন কার্যালয়সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদকরণের সঠিকতা যাচাই নিশ্চিত করবেন। | অতিরিক্ত পরিচালক বিভাগীয় কার্যালয় (সকল) |

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ২.৬ | বিভাগীয়/জেলা/মেট্রো:/বিশেষ জোন কার্যালয়সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ২য় ত্রৈমাসিকে হালনাগাদকরণের প্রমাণক হিসেবে ওয়েবসাইটে আপলোডকৃত স্বাক্ষরিত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ও স্ক্রিনসট বিভাগীয় কার্যালয় হতে ফরওয়াডিংয়ের মাধ্যমে পিডিএফ ফাইলে (প্রতি বিভাগের জন্য একটি পিডিএফ অর্থাৎ ৮টি বিভাগের জন্য ৮টি পিডিএফ হবে) **আগামী ১৪ ডিসেম্বর, ২০২৩ তারিখের মধ্যে** প্রেরণ করতে হবে। বিভাগীয় কার্যালয় কর্তৃক প্রেরিত ফরওয়ার্ডিং-এ সংশ্লিষ্ট বিভাগ ও তার অধীন কার্যালয়সমূহের তালিকা এবং পৃষ্ঠা সংখ্যা উল্লেখ থাকতে হবে। | অতিরিক্ত পরিচালক বিভাগীয় কার্যালয় (সকল) |

০৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৬/১১/২০২৩
(মুহাম্মদ মনিরুল ইসলাম)
পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা)

নথি নং- ৫৮.০২.০০০০.০০৫.০০.০০৫.২১-৪০৬১

১১ অগ্রহায়ণ, ১৪৩০
তারিখ : ---------------------
২৬ নভেম্বর, ২০২৩

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃ: আ: অতিরিক্ত সচিব (অগ্নি অনুবিভাগ)]।
২। পরিচালক (প্রশাসন/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
৪। প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।
৫। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/সিলেট/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/গোয়েন্দা শাখা, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। উপপরিচালক (………………………………), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো:কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,…………………………।
৭। প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮। সহকারী পরিচালক (……………………………………), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন…………………………।
৯। স্টাফ অফিসার টু ডিজি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১। অফিস কপি।

২৬/১১/২০২৩
(দীপজয় খীসা)
সহকারী পরিচালক (প্রশাসন)